

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ أَبِي عَيَّاشٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ قَالَ إِذَا أَصْبَحَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ كَانَ لَهُ عَدْلُ رَقَبَةٍ اللَّهُ وَحُدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ كَانَ لَهُ عَدْلُ رَقَبَةٍ مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ وَكُتِبَ لَهُ عَشْرُ حَسَنَاتٍ وَحَطَّ عَنْهُ عَشْرَ سَيِّئَاتٍ وَرفع عَشْرُ دَرَجَاتٍ مَنْ وَلَد إِسْمَاعِيلَ وَكُتِبَ لَهُ عَشْرُ حَسَنَاتٍ وَحَطَّ عَنْهُ عَشْرَ سَيِّئَاتٍ وَرفع عَشْرُ دَرَجَاتٍ وَكَانَ فِي حِرْذٍ مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمْسِي وَإِنْ قَالَهَا إِذَا أَمْسَى كَانَ لَهُ مثلُ ذَلِك حَتَّى وَكَانَ فِي حِرْذٍ مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمْسِي وَإِنْ قَالَهَا إِذَا أَمْسَى كَانَ لَهُ مثلُ ذَلِك حَتَّى وَكَانَ فِي حِرْذٍ مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمْسِي وَإِنْ قَالَهَا إِذَا أَمْسَى كَانَ لَهُ مثلُ ذَلِك حَتَّى يُصبحَ . قَالَ حَمَّاد بن سَلَمَة: فَرَأَى رَجُلُّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا يَرَى النَّائِمُ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبًا عَيَّاشٍ يُحَدِّثُ عَنْكَ بِكَذَا وَكَذَا قَالَ: «صَدَقَ أَبُو عَنْكَ بَوَاهُ أَبُو دَاوُد وَابْنِ مَاجَه

বাংলা

২৩৯৫-[১৫] আবৃ 'আইয়্যাশ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ভোরে (ঘুম থেকে) উঠে বলবে,

''লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহূ লা- শারীকা লাহূ লাহুল মুলকু, ওয়ালাহুল হাম্দু ওয়াহুওয়া 'আলা- কুল্লি শাইয়িন কদীর''

(অর্থাৎ- আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে আর কোন মা'বূদ নেই। তিনি একক, তাঁর কোন শারীক নেই। সাম্রাজ্য তাঁরই, প্রশংসাও তাঁর এবং তিনি সকল জিনিসের উপর সবচেয়ে শক্তিশালী।)।

তার জন্য এ দু'আ ইসমা'ঈল বংশীয় একটি চাকর মুক্ত করার সমতুল্য হবে এবং তার জন্য দশটি সাওয়াব লিখা হবে ও তার দশটি গুনাহ ক্ষমা করে দেয়া হবে, আর তার দশটি মর্যাদা বাড়িয়ে দেয়া হবে এবং (সন্ধ্যা না হওয়া পর্যন্ত) সে শয়তান হতে হিফাযাতে থাকবে।

আর যদি সে ব্যক্তি এ দু'আ সন্ধ্যায় পড়ে তাহলে আবার সকালে (ঘুম হতে) ওঠার পূর্ব পর্যন্ত অনুরূপ সাওয়াব ও মর্যাদা পেতে থাকবে। বর্ণনাকারী বলেন, জনৈক ব্যক্তি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে স্বপ্নে দেখল এবং বলল, হে আল্লাহর রসূল! আবূ 'আইয়াশ আপনার নাম করে এসব কথা বলে। উত্তরে তিনি (সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম) বলেন, আবূ 'আইয়্যাশ সত্য কথা বলছে। (আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৫০৭৭, ইবনু মাজাহ ৩৮৬৭, আহমাদ ১৬৫৮৩, ইবনু আবী শায়বাহ্ ২৯২৯০, সহীহ আত্ তারগীব ৬৫৬, সহীহ আল জামি' ৬৪১৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনুস্ সিনায় রয়েছে, লোকটি বলল যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার হাত ধরলেন এবং বললেন, আবৃ 'আইয়াশ সত্য বলেছে, আবৃ 'আইয়াশ সত্য বলেছে। ﴿وَاللّٰهُ وَاللّٰهُ وَاللّ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন